দর্শনা দক্ষিণ চাঁদপুরে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা দক্ষিণ চাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে পুলিশ। এসময় মাদক ব্যবসায়ী সালাউদ্দিন কাজল
(৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের নারী মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

সোমবার দুপুর দেড়টার দিকে গোপন সংবাদের ভিত্বিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইস,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই কাজী আব্দুল মান্নান, এএসআই আবু বক্কর সিদ্দিক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের জনৈকা রবিউল ইসলামের স্ত্রী নাজিরা খাতুনের বসত বাড়ির উওর পাশে গলির ভিতর।

এসময় উক্ত স্থান হতে ভারতীয় ২ কেজি গাঁজা উদ্ধার সহ সালাউদ্দিন কাজল (৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত সালাউদ্দীন কাজল দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের টাওয়ার পাড়ার মৃত আব্দুর রহমান ও মোছাঃ আয়েশা খাতুনের ছেলে ও আমেনা খাতুন একই গ্রামের রেললাইন পাড়ার রশিদুল ইসলামের স্ত্রী ও সুরাপ হোসেন এবং বানুর মেয়ে। এঘটনায় গ্রেফতারকৃত সহ আরও ২ জনকে পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু প্রক্রিয়াধীন।

গাংনীর কাজিপুর ইউনিয়নে পরাজিত মেম্বার প্রার্থী আলাইহীমসহ আটক -৪

তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে মেহেরপুরের গাংনীর কাজিপুর ইউনিয়নের বেতবাড়িয়া ভোট কেন্দ্রে ভোট গ্রহণ শেষে হামলা

চালিয়েছে পরাজিত মেম্বর প্রার্থী আলেহীম ও তার সমর্থকরা। নির্বাহী ম্যাজিষ্ট্রেটসহ সকলকে অবরুদ্ধ করে রাখে। আত্মরক্ষার্থে নিরাপত্তা কর্মীরা ১০ রাউন্ড ফাকা গুলি ছোড়ে। ঘটনাস্থল থেকে পরাজিত মেম্বার প্রার্থী আলাইহীমসহ তার চার সমর্থক কে আটক করেছে বিজিবি।

আটকৃতরা হলো- বেতবাড়িয়া গ্রামের আজিজুল হকের ছেলে ও মেম্বার পদপ্রার্থী আলাইহীম (৪১), মনিরুল ইসলামের ছেলে রকেট (৪০), নাজির হোসেনের ছেলে বকুল হোসেন (৩৯) ও ভবানীপুর গ্রামের আব্দুল মোল্লাহর ছেলে জালাল উদ্দীন (৫০) আটককৃতদের গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক আটককৃতদের বিষয়টি নিশ্চিত করেন।

বেতবাড়িয়া ১০ নং ভোট বেন্দ্রে নিয়োজিত প্রিজাইডিং অফিসার সাজাহান আলী জানান, আমরা ভোট গণণা শেষে সাইদুর রহমানের কাছে পরাজিত হয় আলাইহীম। গাংনী উপজেলা কন্ট্রোল রুমে ফেরার সময় পরাজিত মেম্বার প্রার্থী আলাইহীম ও তার লোকজন গেটে ইটপাটকেল নিক্ষেপ করে এবং কেন্দ্রে মধ্যেকার সকলকে অবরুদ্ধ করে রাখে। পরে বিজিবিকে খবর দেয়া হয়। বিজিবির একটি টীম ঘটনা স্থলে পৌছালে হামলাকারিরা ছত্রভঙ্গ হয়ে পড়ে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট গ্রহণ ও গণনা শেষে পরাজিত মেম্বর প্রার্থী আলাইহীম ও তার লোকজন হামলা করে কেন্দ্রের দায়িত্বরত প্রিজাইডিং অফিসার পোলিং অফিসার, সাংবাদিক ও নিরাপত্তারক্ষীদেরকে অবরুদ্ধ করে। এসময় কেন্দ্রের প্রধান ফটক ভাংচুর করে। আত্ম রক্ষার্থে কেন্দ্রের নিরাপত্তারক্ষী শরিফুল ইসলাম শর্টগানের ১০ রাউণ্ড ফাঁকা গুলি ছোড়ে। পরে বিজিবির একটি টীম সেখানে গেলে আলাইহীম ও তার লোকজন পালিয়ে যায়। একঘন্টা পর পরিস্থিতি স্বাভাবিক হলে সকলেই কেন্দ্র ত্যাগ করি।

গাংনীর গাড়াবাড়িয়ায় একজনকে কুপিয়ে জখম

মেহেরপুর গাংনী উপজেলার গাড়াবাড়িয়ায় খাইরুল ইসলাম নামের এক ব্যক্তিকে কুপিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে একই এলাকার ওয়াজ মোল্লার ছেলে মাসুদ রানার বিরুদ্ধে। খাইরুল ইসলাম গাড়াবাড়িয়া হাটপাড়ার আব্দুল আওয়াল এর ছেলে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টার দিকে গাড়াবাড়িয়া খাগড়ার মাঠে এ ঘটনা ঘটে। খাইরুল ইসলাম অভিযোগ করে বলেন, আজ সকালে তিনি মাঠে তার ঝালের জমিতে কাজ করছিলেন। মাসুদ রানা ওই ঝালের জমির ভিতর দিয়ে গাড়ি নিয়ে নিয়ে যায়।

এসময় মাসুদ রানাকে নিষেধ করলে কথা কাটাকাটির এক পর্যায় মাসুদ রানা হাসুয়া দিয়ে খাইরুল ইসলামের হাতে ও পায়ে কোপ মেরে রক্তাক্ত জখম করে পালিয়ে যায়।

খবর পেয়ে খাইরুল ইসলামের বাড়ির লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। খাইরুল ইসলামের হাতে ও পায়ে ১০টি সেলাই হয়েছে। এবিষয়ে মামলার প্রস্তুতি চলছে বলে জানান খাইরুল ইসলামের পরিবারের লোকজন।

শৈলকুপায় ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

ঝিনাইদহের শৈলকুপায় নিবন্ধনবিহীন মোটরসাইকেল ধরতে বিশেষ অভিযানে নেমেছে ঝিনাইদহ ট্রাফিক পুলিশ ও শৈলকুপা থানা পুলিশ। বৃহস্পতিবার সারাদিনব্যাপী নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। এছাড়া ২০টি যানবাহনের মামলা দায়ের করা হয়েছে। অভিযান পরিচালনা করেন ঝিনাইদহ ট্রাফিক পুলিশের ট্রফ্রিক ইন্সপেক্টর সালাউদ্দিন ও শৈলকুপা থানা অফিসার ইনচার্জ রফিকুল ইসলাম সহ পুলিশ সদস্যরা।

ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিন জানায়, ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশে জেলাব্যাপী ট্রাফিক পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় আজ শৈলকুপায় অভিযান পরিচালনা করা হলো। এ সময় নিবন্ধনবিহীন ৩৩টি মোটরসাইকেল জব্দ করা হয়। এ ছাড়া হেলমেট, ড্রাইভিং লাইসেন্স ও কাগজপত্র না থাকায় সড়ক আইনের বিভিন্ন ধারায় মোট ৫৩ টি মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা জয়নগরের জাম্বু ৮৪ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার

দর্শনা ফেনসিডিল সহ সামাদ ওরফে জাম্বু (৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাত পৌনে ৭ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এসআই মাসুদ রানা, এএসআই আনোয়ারুল হক, এএসআই শাহিন আলম, এএসআই ইদ্রিস আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা বাসস্ট্যান্ড-মুজিবনগর সড়কের দর্শনা রেলবাজরের আল্লাহর দান হোটেলের সামনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এসময় পুলিশি উপস্থিতি টেরপেয়ে ৩ জন মাদক ব্যবসায়ী পালিয়ে যেতে সক্ষম হলেও ৮৪ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার সহ সামাদ ওরফে জাম্বুকে গ্রেফতার করেন পুলিশ।

মাদক সহ গ্রেফতারকৃত জাম্বু দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধিক সীমান্তবর্তী জয়নগর গ্রামের মৃত মুরশিদ আলী ছেলে ।

এঘটনায় আরও ৩ জনকে পালাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছে পুলিশ।

কালীগঞ্জে ইজিবাইকসহ তিন চোর র্যাবের হাতে আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পাঁচকাউনিয়া গ্রাম থেকে ইজিবাইকসহ তিন চোরকে আটক করেছে ঝিনাইদহ র্যাব। তারা পেশাদার ইজিবাইক চোর বলে র্যাব এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে।

আটককৃতরা হলেন, মাগুরার মোহাম্মদপুর উপজেলার হাজী আফসার মোল্লাল ছেলে মো: রাসেল হোসেন (৩৫), যশোরের বাঘারপাড়া উপজেলার জামালপুর গ্রামের পরশ মোল্লার ছেলে মো: আব্বাস আলী
(৩৮) ও কালীগঞ্জের কাবিলপুর গ্রামের গৌতম ভৌমিকের ছেলে দীপ ভৌমিক (২৫)। তাদের কাছ থেকে চোরাইকৃত দুটি ইজিবাইক ও ১০টি ব্যাটারি উদ্ধার করা হয়েছে।

র্যাব সুত্রে জানা গেছে, গত সোমবার রাতে গোপন সুত্রে খবর পেয়ে র্যাব কালীগঞ্জের পাঁচকাউনিয়া গ্রামে অভিযান চালায়। এ সময় তিন চোর মন্ডল রাইস মিলস এলাকায় কালীগঞ্জ থেকে খাজুরা বাজার গামী পাকা সড়কে একটি সচল ইজি বাইকের সাথে অপর একটি ইজি বাইক বেধে চালিয়ে যাচ্ছিল।

সন্দেহ হলে র্যাব তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করে। আসামীরা দীর্ঘদিন ধরে চোরাই ইজিবাইক কেনাবেচার সঙ্গে জড়িত বলে তারা স্বীকার করে। এ ঘটনায় কালীগঞ্জ থানায় একটি মামলা হয়েছে।

দামুড়হুদা বাস্তপুরের ইমরান ৫ বোতল ফেনসিডিলসহ আটক

দামুড়হুদার বাস্তপুরের ইমরান (১৯) কে ৫বোতল ফেনসিডিলসহ আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। বুধবার বিকাল সাড়ে ৪টার দিকে তাকে আটক করে পুলিশ।

এসময় তার ব্যাবহারের একটি ১০০সিসি ফিডোম মোটরসাইকেল জব্দ করে

পুলিশ। পুলিশ জানিয়েছে, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে এসআই তৌহিদুর রহমান, এএ্সআই মসলেম, ইলিয়াস হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের সুত্রে অভিযান চালানো হয় বাস্তপুর গ্রামের চাতরের মাঠের রাস্তার উপর।

সেসময় তার কাছ থেকে মাদক ৫বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ। ফেনসিডিল সহ আটককৃত ইমরান পুরাতন বাস্তপুরের ইমদাদুল হক ইন্তার ছেলে।

তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা প্রক্রিয়াধীন বলে থানা সুত্রে জানাগেছে।

আসন্ন ইউপি নির্বাচন ঘিরে কোটচাঁদপুরে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

সড়ক দূর্ঘটনা রোধ ও আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় রাখতে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশেষ অভিযান চালিয়েছে জেলা ট্রাফিক পুলিশ। এসময় রেজিষ্ট্রেশন বিহীন ২৭টি মোটরসাইকেল জব্দ ও বিভিন্ন ধারায় ৫১ টি মামলা দেওয়া হয়েছে।

মঙ্গলবার দুপুরে পৌর শহরের মেইন বাসষ্টান্ড সহ বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানের নের্তৃত্ব দানকারী ঝিনাইদহ ট্রাফিক বিভাগের ইনচার্জ ইন্সপেক্টর সালাহ্উদ্দিন জানান, সারা দেশে সড়ক দূর্ঘটনা বেড়ে যাওয়া, বেপরোয়া মোটরসাইকেল চালানো, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় ও রেজিষ্ট্রেশন বিহীন মোটরসাইকেল জব্দ করতে জেলা পুলিশ সুপারের নির্দেশনায় মঙ্গলবার সকাল থেকে কালিগঞ্জ ও কোটচাঁদপুরের বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় নিবন্ধনহীন ও কাগজপত্রে বিভিন্ন অনিয়মের কারণে ৫১ টি মামলা

ও ২৭টি মোটরসাইকেল জব্দ করা হয়। পরে জব্দকৃত মোটরসাইকেল কোটচাঁদপুর ও কালিগঞ্জ থানা পুলিশের হেফাজতে রাখা হয়।

অভিযানে ইন্সপেক্টর মশিয়ুর রহমান, সার্জেন্ট আসাদ, সার্জেন্ট শুভ্র, সার্জেন্ট মোজাফফর সহ থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নান, এসআই আনোয়ারুল ইসলাম ও উপ-পরিদর্শক কালাম এবং থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের স্মারকলিপি প্রদান ও মানববন্ধন

দেশ নেত্রী খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবি জানিয়ে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনের পরে তাদের দাবি সম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসক বরাবর প্রধান করেন। জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মুনসুর আলম খান তাদের স্মারকলিপি গ্রহণ করেন।
মেহেরপুর জেলা আইনজীবী ফোরামের সভাপতি এডভোকেট মারুফ আহমেদ বিজনের নেতৃত্বে মানববন্ধনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডভোকেট আনোয়ার হোসেন, ফরিদ উদ্দিন আহমেদ, এস এম সাইদুর রাজ্জাক, মোখলেছুর রহমান স্বপন প্রমূখ।

গাংনীতে ফেন্সিডিলসহ যুবক আটক

মেহেরপুরের গাংনীতে ১৫ বোতল ফেন্সিডিলসহ মোঃ সোহেল রেজা (৩৬) নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আটক সোহেল রেজা রাজবাড়ী জেলার পাংশা থানার সজজিৎপুর (শ্মশান পাড়া) গ্রামের মৃত নুরুল ইসলামের ছেলে।

সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের নওদাপাড়া (মাঠপাড়া) এলাকা থেকে তাকে আটক করা হয়।

জানা গেছে, মাদক পাচার হচ্ছে এমন গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকারসহ সঙ্গীয় ফোর্স নওদাপাড়া (মাঠপাড়া) এলাকায় অভিযান পরিচালনা করে সোহেল রেজাকে আটক করা হয়। এসময় তাকে তল্লাশি করে তার কাছ থেকে ১৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু হয়েছে।